

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
(বাজেট ও অডিট শাখা)  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.moca.gov.bd](http://www.moca.gov.bd)

বিষয়ঃ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার অডিট আপত্তির বিষয়ে বিশেষ সভার কার্যবিবরণী।

সভাপতি : হাসনা জাহান খানম, অতিরিক্ত সচিব (প্রশাসন)  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।  
তারিখ : ১৬ নভেম্বর ২০২৩  
সময় : দুপুর ০২.০০ ঘটিকা  
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থা বাংলা একাডেমি, বাংলাদেশ শিল্পকলা একাডেমী, গণগ্রন্থাগার অধিদপ্তর ও প্রত্নতত্ত্ব অধিদপ্তরের অডিট আপত্তির বিশেষ সভায় সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সভার কার্যপত্র অনুযায়ী যুগ্মসচিব (বাজেট ও অডিট)-কে উপস্থাপন করার জন্য অনুরোধ জানান। সভার উপস্থিতি কর্মকর্তাগণের তালিকা (পরিশিষ্ট-ক)।

২। এ মন্ত্রণালয়ের যুগ্মসচিব (বাজেট ও অডিট) কার্যপত্র অনুযায়ী সচিবালয় ও বাংলা একাডেমি, বাংলাদেশ শিল্পকলা একাডেমী, গণগ্রন্থাগার অধিদপ্তর ও প্রত্নতত্ত্ব অধিদপ্তরের অডিট আপত্তিসমূহ বর্তমান বাস্তবতা নিরিখে কিভাবে নিষ্পত্তি করা যায় সে বিষয়ে অডিট অধিদপ্তরের প্রতিনিধি নিকট দৃষ্টি আকর্ষণ করেন। সভায় শিক্ষা অডিট অধিদপ্তরের প্রতিনিধি উপপরিচালক জনাব মোঃ আতিকুল ইসলাম নন-এসএফআইয়ের আপত্তিসমূহ বাস্তবতা নিরিখে আপত্তির ব্রডশীট জবাব প্রদান করলে তিনি সর্বোচ্চ সহযোগিতা করবেন মর্মে আশাবাদ ব্যক্ত করেন। তাছাড়া, সভাপতি নন-এসএফআই ও এসএফআই এর আপত্তিসমূহ দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার মাধ্যমে নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করার জন্য অডিট অধিদপ্তরের প্রতিনিধিকে অনুরোধ করেন এবং উক্ত প্রতিনিধি সহযোগিতার আশ্বাস প্রদান করেন। বিস্তারিত আলোচনা পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

সিদ্ধান্তসমূহ:

- (ক) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার অডিট আপত্তির বিষয়ে Audit Management and Monitoring System-2.0 (AMMS.2.0) software এ অডিট অধিদপ্তরের সংরক্ষিত আপত্তির সাথে Reconciliation করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়;
  - (খ) মন্ত্রণালয় (সচিবালয়) ও বাংলা একাডেমি, বাংলাদেশ শিল্পকলা একাডেমী, গণগ্রন্থাগার অধিদপ্তর ও প্রত্নতত্ত্ব অধিদপ্তর নন-এসএফআইয়ের অডিট আপত্তিসমূহ বর্তমান বাস্তবতা নিরিখে আপত্তির জবাব প্রদান করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়;
  - (গ) মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার এসএফআই ও নন-এসএফআই এর অডিট আপত্তিসমূহ দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার মাধ্যমে নিষ্পত্তির লক্ষ্যে শিক্ষা অডিট অধিদপ্তর প্রয়োজনীয় সহযোগিতা প্রদানসহ দপ্তর ভিত্তিক সভার সিডিউল নির্ধারণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়;
  - (ঘ) যে সমস্ত অডিট আপত্তির অর্থের পরিমাণ কম সে আপত্তিগুলি দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা নিতে হবে।
- ০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

২৩.১১.২০২৩

(হাসনা জাহান খানম)  
অতিরিক্ত সচিব (প্রশাসন)  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

অপর পৃষ্ঠা দ্রষ্টব্যঃ

স্মারক ৪৩.০০.০০০০.১২৫.০১.০১৪.২২(অংশ-১).৬৪৩

০৮ অগ্রহায়ণ ১৪৩০  
তারিখ: -----  
২৩ নভেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. যুগ্মসচিব (বাজেট ব্যবস্থাপনা), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জনাব মাইনুর রহিম, উপপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩. জনাব সালাহউদ্দিন আহাম্মদ, সচিব, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা।
৪. উপসচিব (শাখা-৬/৪/প্রশাসন-১), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. জনাব উম্মুল বানীন দ্যুতি, সিনিয়র সহকারী সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. জনাব আতিকুল ইসলাম, উপপরিচালক, শিক্ষা অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৭. জনাব এ. এইচ এম কামরুজ্জামান, উপপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
৮. জনাব মোঃ কামাল উদ্দীন আহম্মেদ, উপপরিচালক, বাংলা একাডেমি, রমনা, ঢাকা।
৯. সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. জনাব দীন মোহাম্মদ, রিসার্চ অফিসার, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা।
১১. প্রশাসনিক কর্মকর্তা (প্রশাসন-১/২), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. জনাব মোঃ ফরিদ মোল্যা, হিসাবরক্ষণ কর্মকর্তা (অঃদাঃ), প্রত্নতত্ত্ব অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
১৩. জনাব মিন্টু কুমার সূত্রধর, সহপরিচালক, বাংলা একাডেমি, রমনা, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
৩. মহাপরিচালক, বাংলা একাডেমি, রমনা, ঢাকা।
৪. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা।
৫. মহাপরিচালক, শিক্ষা অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৬. সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সংশ্লিষ্ট নথি।

১৮/১১/২৩  
(উম্মুল বানীন দ্যুতি)  
সিনিয়র সহঃ সচিব (বাজেট ও অডিট)  
ফোন: ০২-৫৫১০০৯৮৫